সমকাল

তারিখ 26 SEP 2013
পৃষ্ঠা 2 কলাম 8

# শিক্ষার্থীদের মেধা ও সৃজনশীলতার বিকাশে রাষ্ট্রপতির আহ্বান

■ বাসস

রাষ্ট্রপতি আবদুল হামিদ শিক্ষার্থীরা যাতে তাদের মেধা ও সৃজনশীলতার বিকাশ ঘটাতে পারে সেজন্য শিক্ষা ব্যবস্থায় পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ডের ওপর জোর দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি নির্দেশ দিয়েছেন।

তিনি বলেন, 'দ্রুত পরিবর্তনশীল বিশ্ব' পরিবেশ এবং বর্তমান প্রতিযোগিতামূলক অবস্থা বিবেচনায় যথাযথ শিক্ষা নিশ্চিত করতে উদ্ভাবনী শক্তি ও সৃজনশীলতা অর্জন করা দরকার।'

গতকাল বুধবার মিরপুর ক্যান্টনমেন্টে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেসনালসের (বিইউপি) নতুন একাডেমিক ও প্রশাসনিক ভবন উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে রাষ্ট্রপতি একথা বলেন।

তিনি আশা প্রকাশ করেন, শিক্ষার্থী ও গবেষকরা তাদের উদ্ভাবনী ক্ষমতার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখতে সক্ষম হবেন।

রাষ্ট্রপতি জ্ঞানভিত্তিক সমাজ নির্মাণ ও আদর্শ নাগরিক তৈরিতে ইঞ্জিনিয়ার হিসেবে কার্যকর অবদান রাখার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন। এতে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর মেজর জেনারেল শেখ মামুন খালেদ। তিন বাহিনী প্রধানগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিইউপি বেসমেন্টসহ একটি ৬ তলা একাডেমিক ভবন ও একটি ৬ তলা প্রশাসনিক ভবন নির্মাণ করেছে। এতে ব্যয় হয়েছে ৫০ কোটি ৫২ লাখ টাকা।